গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com

তারিখ: ০৩/১১/২০২৫খ্রি.

## ডিগ্রি (পাস) কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী মাস্টার্স কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি তিতুমীর কলেজের ডিগ্রী (পাস) কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের নিম্নোক্ত বিভাগসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগামী ১৫/১১/২০২৫খ্রি. পর্যন্ত অনলাইন প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি সম্পন্ন করতে পারবে।

| ক্রমিক | বিষয় সমূহ | ভর্তি ফি | সেমিনার ফি | মোট টাকা |
|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান **(নিয়মিত)** | ৪১৩২.০০ | ৪৫০.০০ | ৪৫৮২.০০ |
| | উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত **(নিয়মিত)** | ৪২৩২.০০ | ৬০০.০০ | ৪৮৩২.০০ |
| ০২ | বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা **(প্রাইভেট)** | ৪১৩২.০০ | .০০ | ৪১৩২.০০ |
| | রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি **(প্রাইভেট)** | ৪১৩২.০০ | .০০ | ৪১৩২.০০ |
| | মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা **(প্রাইভেট)** | ৪১৩২.০০ | .০০ | ৪১৩২.০০ |

### ভর্তির প্রয়োজনীয় শর্তাবলী:-

- যে সকল শিক্ষার্থী সরকারি তিতুমীর কলেজ থেকে ২০২০ সালের ডিগ্রি (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ২০১৫, ২০১৬, ২০১৭, ২০১৮ ও ২০১৯ সনের ডিগ্রি (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় CGPA- পেয়ে (ফলাফল সমন্বয়সহ) উত্তীর্ণ হয়েছে এমন শিক্ষার্থী।

### আবেদন ফরমের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে-

- সরকারি তিতুমীর কলেজের ওয়েবসাইটে যথাযথভাবে পূরণকৃত ভর্তির আবেদন ফরম (ভুল ও অসম্পন্ন তথ্য গ্রহণ যোগ্য নয়)।
- ডিগ্রি (পাস) ৩য় বর্ষ পরীক্ষা পাসের নম্বরপত্র/সার্টিফিকেট, প্রশংসাপত্র ও চারিত্রিক সনদের ফটোকপি।

### অনলাইনে ভর্তির আবেদন ফরম ও ফি জমা প্রদানের প্রক্রিয়া:-

- সরকারি তিতুমীর কলেজের ওয়েবসাইট https://www.titumircollege.gov.bd/ এ প্রবেশ করে EMS থেকে Preliminary Master's অপশনের Admission থেকে Apply Now ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তির আবেদন ফরম পূরণ করে প্রিন্ট করতে হবে। ***ভর্তির আবেদন ফরম পূরণের ক্ষেত্রে অবশ্যই ডিগ্রি (পাস) কোর্সের রেজিষ্ট্রেশন নম্বর ব্যবহার করতে হবে।***
- আবেদনপত্রের প্রিন্ট কপি ও প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা দিয়ে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরমে স্বাক্ষর ও সীল প্রদান করে শিক্ষার্থীকে ফেরত দিবে।
- শিক্ষার্থী পুনরায় ওয়েবসাইটে প্রবেশ করে Preliminary Master's অপশনের Admission থেকে Apply Now ক্লিক করে মোবাইল ব্যাংকিং বিকাশ/রকেট/নগদ/উপায়/সোনালী সেবা'র মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করে টাকা জমার রশিদ সংরক্ষণ করবে।
- শিক্ষার্থী নিজ মোবাইলে ক্লাস রোল, আইডি ও পাসওয়ার্ড পাবে। ক্লাস রোল ভর্তি ফরমের নির্দিষ্ট ঘরে হাতে লিখবে এবং স্ব স্ব বিভাগে ১কপি ও কলেজের প্রশাসনিক ভবনের দোতলায় হিসাব শাখায় ১কপি ফরম জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

যে সকল শিক্ষার্থী তিতুমীর কলেজ ব্যতিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত সাত কলেজ থেকে ডিগ্রি (পাস) কোর্স সম্পন্ন করেছে তাদের নিজ কলেজে সংশ্লিষ্ট বিষয়ে প্রিলিমিনারী মাস্টার্স কোর্স না থাকলে অত্র কলেজে ভর্তি হতে পারবে। সেক্ষেত্রে ডিগ্রি (পাস) কোর্স পঠিত কলেজের অধ্যক্ষ/বিভাগীয় প্রধানের সম্মতিপত্র জমা দিতে হবে।

০৩.১১.২৫

অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা। অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা

বিতরণ:

১. উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি তিতুমীর কলেজ;
৩. সকল বিভাগীয় প্রধান, সরকারি তিতুমীর কলেজ;
৪. আহ্বায়ক, ডিজিটাল ও অটোমেশন কমিটি, সরকারি তিতুমীর কলেজ;
৫. নোটিশ বোর্ড, সরকারি তিতুমীর কলেজ;
৬. প্রধান সহকারী/হিসাবরক্ষক/ক্যাশিয়ার, সরকারি তিতুমীর কলেজ;
৭. সংরক্ষিত নথি।